



IFLA Section Environment, Sustainability and Libraries

January 2022

একটি সবুজ গ্রন্থাগার কি?

পরিবেশ মানে সেই অবস্থা যেখানে মানুষ, সংস্থা, প্রাণী বা উদ্ভিদ বাস করে এবং কাজ করে। পরিবেশ প্রাকৃতিক, সামাজিক অথবা সাংস্কৃতিক হতে পারে।

টেকসই উন্নয়ন হচ্ছে এমন উন্নয়ন যা "ভবিষ্যত প্রজন্মের চাহিদা পূরণের সক্ষমতার সাথে আপস না করে বর্তমানের চাহিদা পূরণ করে" (আমাদের সাধারণ ভবিষ্যত, ব্রন্ডল্যান্ড রিপোর্ট, জাতিসংঘ)।

বর্তমান পরিবেশ জলবায়ু পরিবর্তন এবং সামাজিক বৈষম্য সহ অন্যান্য হুমকির কারণে বিপন্ন। টেকসই উন্নয়নের মাধ্যমে পরিবেশ রক্ষায় সকল সংস্থাকে সচেষ্ট হতে হবে। এর মধ্যে রয়েছে সব ধরনের লাইব্রেরি, যেগুলো টেকসই উন্নয়নে সক্রিয় এবং গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

একটি সবুজ এবং টেকসই গ্রন্থাগার হল এমন একটি গ্রন্থাগার যা পরিবেশগত, অর্থনৈতিক এবং সামাজিক স্থায়িত্ব বিবেচনা করে। সবুজ এবং টেকসই গ্রন্থাগার যেকোনো আকারের হতে পারে, তবে তাদের একটি পরিষ্কার টেকসই এজেন্ডা থাকা উচিত যার মধ্যে রয়েছে:

- **সবুজ ভবন এবং সরঞ্জাম** : দালান এবং সরঞ্জামের নির্গমন বা কার্বন পদচিহ্ন সক্রিয়ভাবে হ্রাস পেয়েছে।
- **সবুজ অফিস নীতি**: কার্যবিধি রুটিন এবং প্রক্রিয়াগুলি পরিবেশগতভাবে টেকসই।
- **টেকসই অর্থনীতি** : সংযত খরচ, সার্কুলার এবং অংশগ্রাহী অর্থনীতির অনুশীলনগুলি উন্নত এবং সম্প্রদায়ের কাছে প্রবেশযোগ্য করা হয়েছে।
- **টেকসই লাইব্রেরি পরিষেবা**: প্রাসঙ্গিক এবং হালনাগাদ তথ্য ব্যবহারকারীদের জন্য প্রবেশ করা সহজ, ভাগ করা স্থান, যন্ত্রাংশ, এবং পরিবেশগত শিক্ষা দেওয়া হয়, এবং কার্যবিধিগুলো দক্ষ লাইব্রেরিতে একটি ইতিবাচক কার্বন ফুটপ্রিন্ট রয়েছে।
- **সামাজিক টেকসইতা** : সুশিক্ষা, সাক্ষরতা, সম্প্রদায়ের সম্পৃক্ততা, আন্তঃ সাংস্কৃতিক বৈচিত্র্য, সামাজিক অন্তর্ভুক্তি এবং সামগ্রিক অংশগ্রহণ বিবেচনা করা হয়। লাইব্রেরি অসমতা কমাতে সক্রিয়ভাবে কাজ করে।
- **পরিবেশ ব্যবস্থাপনা**: পরিবেশগত লক্ষ্যগুলি হল স্মার্ট (নির্দিষ্ট, পরিমাপযোগ্য, অর্জনযোগ্য, বাস্তবসম্মত এবং সময়সীমার মাঝে সমাধানযোগ্য), এবং লাইব্রেরি পরিবেশের উপর তার নিজস্ব নেতিবাচক প্রভাব কমাতে কাজ করে। লাইব্রেরির পরিবেশ নীতি, এর বাস্তবায়ন এবং পরিবেশ সংক্রান্ত কাজের ফলাফল বৃহত্তর সম্প্রদায়ের কাছে জানানো হয়।
- **সাধারণ পরিবেশগত লক্ষ্য এবং কর্মসূচির প্রতি প্রতিশ্রুতি**: প্রতিশ্রুতি জাতিসংঘের টেকসই উন্নয়ন লক্ষ্য, প্যারিস জলবায়ু চুক্তি এবং সংশ্লিষ্ট পরিবেশগত প্রশংসাপত্র এবং কার্যক্রম দ্বারা পরিচালিত হয়।

ইংরেজি থেকে অনুবাদ করেছেন আব্দুল্লাহ আল মাহমুদ